গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-১ শাখা)

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০১৭.১৬-

তারিখঃ ০৫ শ্রাবণ ১৪২৭ / ২০ জুলাই ২০২০

বিষয়ঃ **এ-চালান সংক্রান্ত ০৫/০৭/২০২০ তারিখের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| তারিখ | : | ০৫ জুলাই ২০২০ |
| সময় | : | বিকাল ০৪.০০ ঘটিকা |
| স্থান | : | জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষ (৫ম তলা, কক্ষ নং-৫৩৪) |
| উপস্থিতি | : | জাতীয় রাজস্ব বোর্ড এবং অর্থ বিভাগের কর্মকর্তাবৃন্দ। |

(সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিশেষ অতিথি হিসেবে জনাব আবদুর রউফ তালুকদার, সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় উপস্থিত ছিলেন। এ-চালান বা স্বয়ংক্রিয় চালান পদ্ধতি (Automated Challan System) বিষয়ক Powerpoint Presentation উপস্থাপন করেন জনাব মোঃ সাইফুল ইসলাম, যুগ্ম সচিব, অর্থ বিভাগ। Presentation শেষে উপস্থিত সদস্যগণ বিভিন্ন বিষয়ে মতামত ব্যক্ত করেন।

০২। স্বয়ংক্রিয় চালান পদ্ধতি বিষয়ক সভার মূল আলোচ্য বিষয়ঃ

(১) **এ-চালানের প্রাথমিক ধারণা-** অর্থবিভাগে 'এসপিএফএমএস' প্রোগ্রামের অধীন 'ইমপ্রুভমেন্ট অফ পাবলিক ফিনান্সিয়াল সার্ভিসেস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অফ বিএসিএস এন্ড আইবাস++' স্কিম কর্তৃক স্বয়ংক্রিয় চালান পদ্ধতি সফটওয়্যারটি সম্পর্কে ধারণা প্রদান করা হয়।

(২) **অগ্রাধিকার ও উদ্দেশ্য** – (ক) ভুয়া (Fake) চালান জমা ও রাজস্ব ফাঁকির প্রবণতা রোধসহ সঠিক সময়ে অর্থ জমা নিশ্চিতকরণ
(খ) সরকারি রাজস্ব বৃদ্ধিসহ আর্থিক খাতে শৃঙ্খলা ও স্বচ্ছতা প্রতিষ্ঠা।

০৩। **বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় যা জাতীয় রাজস্ব বোর্ড ও অর্থ বিভাগ যৌথ উদ্যোগে বাস্তবায়ন করবে।**

(১) কর অঞ্চল-৪, ঢাকা (বৈতনিক সার্কেল)তে এ-চালান পদ্ধতি সর্বপ্রথম পাইলটিং হবে।
জনাব নিয়াজ মোর্শেদ (দ্বিতীয় সচিব), কর আন্তর্জাতিক চুক্তি ও মতামত (কর-২৩) ও জনাব মাজহারুল হক ভূইয়া, উপ কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা অর্থ বিভাগের এ-চালান পদ্ধতিতে এনবিআর এর প্রতিনিধি হিসেবে কাজ করবেন।

(২) জুলাই হতে আগষ্ট এই দুই মাসের মধ্যে অর্থ বিভাগের মাধ্যমে System development ও পাইলটিং এর কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

(৩) ডিসেম্বর ২০২০ এর মধ্যে ঢাকার সকল কমিশনারেটে এ-চালানের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করা হবে – বাস্তবায়নকারী অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড।

(৪) আগষ্ট ২০২০ এর মধ্যে যৌথভাবে সকল কর্মকর্তাকে এ-চালান বিষয়ে প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হবে- বাস্তবায়নকারী অর্থ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ড।

(৫) ০১ আগষ্ট ২০২০ তারিখে উক্ত এ-চালানের কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করা হবে।

০৪। আলোচ্যসূচীতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

স্বাঃ/- ২০/০৭/২০২০

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)
সিনিয়র সচিব,
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অঃ পৃঃ দ্রঃ

নথি নং- ০৮.০১.০০০০.০০১.১৯.০১৭.১৬- ৩৩৩ তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৭ / ২১ জুলাই, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। জনাব সাইফুল ইসলাম, যুগ্ম সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মহাপরিচালক/কমিশনার (সকল), আয়কর অনুবিভাগ।
০৬। কর কমিশনার, কর অঞ্চল-১/৪, ঢাকা।
০৭। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৮। মহাপরিচালক, সিআইসি, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৯। প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। দ্বিতীয় সচিব (প্রশিক্ষণ ও এসিআর), কর-৭, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। জনাব নিয়াজ মোর্শেদ, দ্বিতীয় সচিব, কর আন্তর্জাতিক চুক্তি ও মতামত (কর-২৩), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। জনাব মাজহারুল হক ভূইয়া, উপ কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা।
১৩। জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগ্রামার, সিস্টেম এনালিস্টের দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২১/০৭/২০২০

(শারমিন আরা)
সিনিয়র সহকারী সচিব
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
ফোনঃ ৪৮৩১৮১২০-২৬(এক্স-৩৭৭)

K.M. 29.07.2020

C:\Users\User\Desktop\minutes 05-07-2020.doc